

Earthquake relief assistance to Türkiye

February 06, 2023

তুর্কীকে ভূমিকম্প ত্রাণ সাহায্য

ফেব্রুয়ারি 06, 2023

তুর্কীতে ভূমিকম্পকে সামাল দেবার জন্য সকল প্রকারের সম্ভাব্য সহযোগিতা করার প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নির্দেশের আলোকপাতে আজ প্রধানমন্ত্রীর প্রিন্সিপাল সেক্রেটারি ডঃ পি.কে.মিশ্র অবিলম্বে ত্রাণ ব্যবস্থার আলোচনা করার জন্য সাউথ ব্লকে বৈঠক ডেকেছিলেন। বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে তুর্কী প্রজাতন্ত্র সরকারের সাথে সমন্বয় করে ত্রাণ সামগ্রী সহ এনডিআরএফ-এর অনুসন্ধান ও উদ্ধারকারী দল এবং মেডিক্যাল টিম অবিলম্বে পাঠানো হবে।

বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত সারমেয় বাহিনী সহ 100 জনের দুটি এনডিআরএফ-এর উদ্ধারকারী দল এবং প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী ভূমিকম্প গ্রস্ত এলাকায় অনুসন্ধান ও উদ্ধারকার্য করার জন্য উড়ে যাবার জন্য প্রস্তুত হয়ে আছে। অত্যাবশ্যিকীয় ওষুধ সহ প্রশিক্ষণ প্রাপ্ত ডাক্তার এবং প্যারামেডিকসদেরও প্রস্তুত করা হচ্ছে। তুর্কী প্রজাতন্ত্র সরকার এবং আঙ্কারায় ভারতীয় দূতাবাস ও ইস্তাম্বুলের কনস্যুলেট জেনারেল অফিসের সাথে সমন্বয় সাধন করে ত্রাণ সামগ্রী পাঠানো হবে।

বৈঠকে কেবিনেট সচিব, স্বরাষ্ট্র, এনডিএমএ, এনডি আরএফ, প্রতিরক্ষা, বিদেশ মন্ত্রক এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 06, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.